

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
বীর উত্তম এ, কে, খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০২৫.১৪.০০৮.১৬-২৫০৫,

তারিখ: ২৪/০৮/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ উপকূলীয় ও ঘূর্ণিঝড় প্রবণ এলাকায় বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের জন্য স্থান নির্বাচন প্রসঙ্গে।

উপকূলীয় ও ঘূর্ণিঝড় প্রবণ এলাকায় বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পটি গত ০৩/৫/২০১৬ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়েছে। বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ শীর্ষক প্রকল্পটি এ অর্থ বছরে কার্যক্রম শুরু করার লক্ষ্যে স্থান নির্বাচন, সয়েল টেষ্ট, প্ল্যান ডিজাইন, প্রাক্কলন ও যাবতীয় টেন্ডার ডকুমেন্ট ও ঠিকাদার নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম গ্রহণ করা হবে। উপকূলীয় জেলা/উপজেলায় ২০১৬-১৭ হতে ২০১৮-১৯ অর্থ বছরে ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র বাস্তবায়ন করা হবে। নিম্নবর্ণিত আশ্রয়কেন্দ্র একনেকে অনুমোদিত হয়েছেঃ

জেলার নাম	উপজেলার নাম	ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রের নাম

০২। বর্ণিত আশ্রয়কেন্দ্রে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করতে হবেঃ

ক) অনুমোদিত আশ্রয়কেন্দ্রে কমপক্ষে ৫০.০০ শতক জমি থাকতে হবে;

খ) আশ্রয়কেন্দ্রে লে-আউটের জন্য কমপক্ষে ১০০' X ৮০' সমতল জায়গা হতে হবে;

গ) একনেক সভার সিদ্ধান্ত অনুযায়ী গবাদি পশুর জন্য কমপক্ষে ২০-৩০ শতক জমির উপর মাটির টিলা করে ৫০' - ০ X ২৫' - ০ পাকা শেড নির্মাণ করা হবে। যা দুর্যোগ পরবর্তী সময়ে বহুমুখী কাজে ব্যবহার হবে;

ঘ) যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানের পর্যাপ্ত জায়গা আছে সে সকল জায়গায় আশ্রয়কেন্দ্রের পাশাপাশি গবাদি পশুর জন্য মাটির টিলা করে শেল্টার নির্মাণ করা হবে;

ঙ) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের পর্যাপ্ত জমি নেই সে সকল আশ্রয়কেন্দ্রের পার্শ্বে ২০-৩০ শতক জমি অধিগ্রহণ ক্রয় করে গবাদি পশুর শেল্টার নির্মাণ করতে হবে;

চ) প্রস্তাবিত আশ্রয়কেন্দ্রের আশে পাশে অন্য কোন সংস্থা কর্তৃক আশ্রয়কেন্দ্র করা হলে তা স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে;

ছ) পুরাতন অবকাঠামো থাকলে প্রতিষ্ঠানের নিজস্ব উদ্যোগে ভেঙ্গে ফেলে জায়গা প্রস্তুত রাখতে হবে;

জ) নিচু জলাভূমি/পুকুর ভরাট করে আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হবে না;


ঝ) নির্মাণ মালামাল পরিবহনের জন্য সরু গেট থাকলে প্রতিষ্ঠানের স্ব-উদ্যোগে তা ভেঙ্গে বড় করতে হবে;

ঞ) বিরোধপূর্ণ জমিতে আশ্রয়কেন্দ্র নির্মাণ করা যাবেনা;

ট) যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্প প্রস্তাব 'ছক' এবং ৩০০.০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে MOU করা হয়নি তা দ্রুত সম্পন্ন করে প্রকল্প পরিচালকের দপ্তরে প্রেরণ করতে হবে।

০৩। এমতাবস্থায়, বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রের নির্মাণ স্থান এবং গবাদি পশুর আশ্রয়স্থানের জন্য জমি প্রস্তুত করে প্রতিবেদন দেয়ার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ প্রস্তাব 'ছক' ও MOU নমুনা।



(মোঃ রিয়াজ আহমেদ)

মহাপরিচালক

(অতিরিক্ত সচিব)

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

ফোনঃ-৯৮৪১৫৮১।

১। উপজেলা নির্বাহী অফিসার,

.....।

২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,

.....।

স্মারক নং-৫১.০১.০০০০.০২৫.১৪.০০৮.১৬-১৩০৬

তারিখ: ২৪/০৮/২০১৬ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। বিভাগীয় কমিশনার, খুলনা/বরিশাল/চট্টগ্রাম।

২। জেলা প্রশাসক,.....।

৩। জেলা প্রশাসক ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,.....।

৪। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। ইহা অত্র অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রস্তাব 'ছক'

০১. আশ্রয়কেন্দ্রের নাম :
০২. জেলা :
০৩. উপজেলা :
০৪. ইউনিয়ন :
০৫. উপজেলা হেড কোয়ার্টার হতে প্রস্তাবিত আশ্রয়কেন্দ্রের দুরত্ব :
০৬. নিকটস্থ হাট বাজার হতে দুরত্ব :
০৭. নিকটস্থ নদীর দুরত্ব :
০৮. প্রস্তাবিত আশ্রয়কেন্দ্র স্থলের ১.০০ কি: মি: এর মধ্যে আশ্রয়কেন্দ্র আছে কিনা? আছে / নাই।
০৯. জমি সংক্রান্ত তথ্য :

মৌজার নাম	খতিয়ান নং	দাগ নং	জমির পরিমাণ	বর্তমানে জমির মালিকানা

১০. মন্তব্য :

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

.....

উপজেলা নির্বাহী অফিসার

.....

অঞ্জীকার নামা

এই মর্মে আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী অঞ্জীকার করিতেছি যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়াধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক নির্মিতব্য নিম্নে বর্ণিত তপসীলভুক্ত জমি/প্রতিষ্ঠানে বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণে কোন আপত্তি নেই।

তপসীল

- ক) প্রতিষ্ঠানের নাম :
খ) গ্রাম :
গ) মৌজা :
ঘ) ইউনিয়ন :
ঙ) উপজেলা :
চ) জেলা :
ছ) খতিয়ান নং :
জ) জে এল নং :
ঝ) দাগ নং : সাবেক-
: হাল-
ঞ) জমির পরিমাণ :

(পাতা নং-০২)

বর্ণিত বিদ্যালয়ের পরিচালনা
পর্ষদের সভাপতি হিসাবে আমি এবং
প্রধান শিক্ষক/সম্পাদক হিসাবে আমি
যৌথভাবে সোচ্ছায় স্বজ্ঞানে এই অঞ্জীকার নামা প্রদান করলাম।

সভাপতি

সম্পাদক/প্রধান শিক্ষক

স্বাক্ষীগণের স্বাক্ষর

১।

২।